# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**07 MARCH 2026 7:45—7:55**

---

(১) কেন্দ্রীয় মন্ত্রী রাজীব রঞ্জন সিং আজ ভার্চুয়াল ব্যবস্থায় যোরহাট, ডিব্রুগড় ও ধেমাজিতে অত্যাধুনিক দুগ্ধ প্রক্রিয়াকরণ প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন/ একইসঙ্গে শ্রীভূমি এবং শিবসাগরে দুটি মাল্টি কেয়ার পশু হাসপাতালের আজ ভিত্তিপ্রস্তর স্থাপন/

(২) আগামীকাল আর্ন্তজাতিক নারী দিবস উপলক্ষে দেশজুড়ে বিভিন্ন কার্যসূচি/ আসাম সরকারের প্রতিটি বিভাগের মহিলা কর্মচারীদের নির্যাতনের থেকে সুরক্ষা প্রদানের জন্য শি-বক্স চালু/

(৩) স্বাস্থ্য বিভাগের উদ্যোগে রাজ্যজুড়ে সরকারী বিদ্যালয়গুলিতে হেল্‌থ ক্লাব আরম্ভ/

এবং

(৪) চন্দ্রনাথপুর ও পাথারকান্দি রেল স্টেশনে দুটি গুরুত্বপূর্ণ রেল স্টপেজ চালু/

---

কেন্দ্রীয় মৎস্য, পশুপালন ও দুগ্ধ উৎপাদন মন্ত্রী রাজীব রঞ্জন সিং আজ যোরহাট, ডিব্রুগড় এবং ধেমাজিতে অত্যাধুনিক দুগ্ধ প্রক্রিয়াকরণ প্রকল্পের ভার্চুয়াল ব্যবস্থায় ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন । একইসঙ্গে শ্রীভূমি এবং শিবসাগরে দুটি মাল্টি কেয়ার পশু হাসপাতালের আজ ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয় । যোরহাটের কলিয়াপানীতে অনুষ্ঠিত বিশেষ অনুষ্ঠানে আসাম সরকারের পশুপালন ও পশিচিকিৎসা দপ্তরের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল, সমবায় মন্ত্রী যোগেন মোহন, শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু, শক্তিমন্ত্রী প্রশান্ত ফুকন উপস্থিত ছিলেন । ধেমাজির অনুষ্ঠানে অংশগ্রহণ করে মন্ত্রী ডাঃ পেগু আসামের দুগ্ধ ও পশুপালন ক্ষেত্রের জন্য আজকের দিনটি ঐতিহাসিক দিন বলে অভিহিত করেছেন ।

---------------------------------------------------------------------------------------

আগামীকাল আর্ন্তজাতিক নারী দিবস । সমগ্র বিশ্বের সঙ্গে আসামেও যথাযোগ্য মর্যাদায় এই দিবস উদযাপন করার জন্য প্রস্তুতি নেওয়া হয়েছে । রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আগামীকাল নতুনদিল্লির মানেকশো সেন্টারে আর্ন্তজাতিক নারী দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠানে মুখ্য ভাষণ দেবেন । কেন্দ্রীয় মহিলা ও শিশুকল্যাণ মন্ত্রণালয়ের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে কেন্দ্রীয় মহিলা ও শিশু কল্যাণ দপ্তরের মন্ত্রী অন্নপূর্ণা দেবী এবং এই দপ্তরের প্রতিমন্ত্রী সাবিত্রী ঠাকুর অংশগ্রহণ করবেন । মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়েছে যে- এই অনুষ্ঠানে সশস্ত্র সেনা, পুলিশ এবং অন্যান্য ক্ষেত্রের প্রতিনিধিবর্গ সহ ১৫০টিরও বেশি সংস্থা, বিভাগ এবং মন্ত্রণালয়ের প্রায় এক হাজার জন মহিলা অংশগ্রহণ করবেন । উদ্বোধনী অনুষ্ঠানের পর দুটি আলোচনা সভা অনুষ্ঠিত হবে ।

এদিকে কেন্দ্রীয় মহিলা ও শিশু কল্যাণ মন্ত্রণালয়ের উদ্যোগে আর্ন্তজাতিক নারী দিবস উদযাপনের অঙ্গ হিসেবে আগামীকাল নতুনদিল্লিতে দুই কিলোমিটার জোড়া ‘শক্তি ওয়াক’ শীর্ষক মহিলা নেতৃত্বাধীন পদযাত্রার আয়োজন করা হয়েছে । বিভিন্ন ক্ষেত্রে মহিলাদের নেতৃত্ব তথা তাদের অবদানকে উদযাপন করার পাশাপাশি মহিলাদের সুরক্ষা, নিরাপত্তা, সবলীকরণের প্রতি সরকারের দায়বদ্ধতাকে শক্তিশালী করাই এই পদযাত্রার লক্ষ্য । এতে কেন্দ্রীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী, সাংসদ, বিধায়ক এবং বিভিন্ন ক্ষেত্রের মহিলা নেত্রী ও বিশিষ্ট ব্যক্তি সহ মহিলা জনপ্রতিনিধিরা অংশগ্রহণ করবেন । এছাড়া সশস্ত্র বাহিনী, পুলিশ, সংবাদ মাধ্যম এবং তৃণমূল পর্যায়ের সংগঠনের প্রতিনিধিদের নিয়ে ১৫০টিরও বেশি মন্ত্রণালয়, বিভাগ এবং সংগঠনের প্রায় তিন হাজার মহিলার অংশগ্রহণের সম্ভাবনা রয়েছে ।

অন্যদিকে আর্ন্তজাতিক নারী দিবস উপলক্ষে ক্রীড়াক্ষেত্রে মহিলাদের অংশগ্রহণকে উদযাপন করার লক্ষ্যে আগামীকাল যুব পরিক্রমা ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় দেশের ২৫০টি স্থানে অস্মিতা লীগের আয়োজন করা হয়েছে । কেন্দ্রীয় ক্রীড়া দপ্তরের প্রতিমন্ত্রী রক্ষা নিখিল খাড়সে একথা ঘোষণা করেছেন । ভারতীয় ক্রীড়া কর্তৃপক্ষ এবং ‘মাই ভারত’এর যৌথ উদ্যোগে আগামীকাল ১৩ বছর অনুর্দ্ধ, ১৩ থেকে ১৮ বছর পর্যন্ত বয়সের এবং ১৮ বছরের বেশি বয়সের শাখার বিভিন্ন খেলা অনুষ্ঠিত হবে । গ্রামাঞ্চল এবং ছোট শহরের মেয়েদের খেলাধূলাকে ক্যারিয়ার হিসেবে নেওয়ার জন্য উৎসাহিত করার লক্ষ্যে এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে । এদিকে আসামের বিভিন্ন স্থানেও আগামীকাল আর্ন্তজাতিক নারী দিবসের সঙ্গে সঙ্গতি রেখে অস্মিতা লীগ ও অন্যান্য প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে ।

---

হাইলাকান্দি জেলায়ও আগামীকাল আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে জেলা পর্যায়ে অস্মিতা লীগ ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে । মাই ভারত কেন্দ্র ও রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ বিভাগের যৌথ উদ্যোগে আগামীকাল সকাল ৯ টা থেকে দক্ষিণ হাইলাকান্দির মণিপুর মিনি ষ্টেডিয়ামে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে । এই প্রতিযোগিতায় ১৩ বছর অনুর্দ্ধ , ১৩ থৈকে ১৮ বছর এবং ১৮ বছরের উর্দ্ধে মোট তিনটি বিভাগে ১০০ মিটার , ২০০ মিটার ও ৪০০ মিটার দৌড় প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে ।এছাড়া কিছু বিনোদনমূলক ক্রীড়া ও থাকবে ।

---

আন্তর্জাতিক নারী দিবসের প্রাককালে  আজ শিলচর গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের কিরণশশী উইমেন সেলের উদ্যোগে সামাজিক সচেতনতা ও সহায়তা কর্মসূচীর আয়োজন করা হয় । এ উপলক্ষে আজ বিন্নাকান্দি চা বাগানের অশ্বিনী কুমার এম ই স্কুল প্রাঙ্গনে বিভিন্ন ধরণের ফলের চারা রোপন করা হয় । এছাড়া ছাত্রছাত্রীদের মধ্যে স্কুল কিট বিতরণ করা হয় ।

---

আসাম সরকারের প্রতিটি বিভাগে এখন থেকে মহিলা কর্মচারীদের সুরক্ষার জন্য She box  ব্যবস্থা চালু করা হয়েছে ।এই ব্যবস্থার মাধ্যমে মহিলা কর্মচারীরা কার্যালয়ে সংঘঠিত নির্যাতনের ঘটনার অভিযোগ তাৎক্ষণিকভাবে জানাতে পারবেন ।নিজের পরিচয় প্রকাশ না করে ভুক্তভোগী মহিলারা এই অভিযোগ জানাতে পারবেন । রাজ্যের প্রতিটি বিভাগে এই বক্স থাকা বাধ্যতামূলক করা হয়েছে এবং আসাম অসামরিক সেবার আধিকারীক হেমাশ্রী হাজারিকাকে এই পদক্ষেপের দায়িত্ব অর্পন করা হয়েছে । She box এ মহিলারা কর্মক্ষেত্রে যৌন নির্যাতনের বিরুদ্ধে বিভাগকে অবগত করাতে পারবেন । কর্মচারীরা বাংলা , অসমীয়া ও বড়ো ভাষায় অভিযোগ দাখিল করতে পারবেন ।

---

তেল কোম্পানিসমূহ দেশজুড়ে আজ থেকে ভর্তুকি বিহীন ঘরোয়া রান্নার গ্যাসের সিলিন্ডারের মূল্য ৬০ টাকা বৃদ্ধি করেছে । অনুরূপভাবে রান্নার গ্যাসের বাণিজ্যিক সিলিন্ডারের মূল্যও ১১৫ টাকা বাড়ানো হয়েছে । আসামেও এই বর্ধিত মূল্যের নতুন নিরিখ আজ থেকে কার্যকর হয়েছে । মধ্যপ্রাচ্যের সংকটময় পরিস্থিতির পরিপ্রেক্ষিতে চাহিদা অনুসারে রান্নার গ্যাসের ঘাটতির সম্ভাবনা দেখা দিয়েছিল । এই সম্ভাবনার পর-

ই আজ তেল কোম্পানি সমূহ রান্নার গ্যাসের সিলিন্ডারের মূল্য বৃদ্ধি করার সিদ্ধান্ত নিয়েছে।

-----------------------------------------------------------------------------------------

জনঔষধি দিবস উপলক্ষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দেশবাসীকে শুভেচ্ছা জ্ঞাপন করেছেন । সামাজিক মাধ্যমে দেওয়া এক বার্তায় শ্রী মোদী প্রধানমন্ত্রী ভারতীয় জনঔষধি পরিযোজনার মাধ্যমে উপকৃত হওয়া সবাইকে শুভেচ্ছা জ্ঞাপন করেছেন । জন ঔষধি কেন্দ্রসমূহের প্রভাব সম্পর্কে প্রধানমন্ত্রী বলেন যে- এর মাধ্যমে দেশের অগণিত পরিবার কম খরচে প্রকৃত তথা উন্নত চিকিৎসা সেবা লাভ করতে সমর্থ হয়েছেন । তিনি বলেন যে- এই উদ্যোগের মাধ্যমে সুলভ মূল্যে গুণগতমান সম্পন্ন ওষুধ নাগরিকদের সরবরাহ করার জন্যে সরকারের দেওয়া প্রতিশ্রুতিকে প্রতিফলিত করেছে ।

-----------------------------------------------------------------------------------------

রাজ্যের বিভিন্ন বিদ্যালয়ে আজ স্বাস্থ্য ক্লাবের উদ্বোধন করা হয়েছে । বিদ্যালয়ের শিক্ষার্থীদের স্বাস্থ্যবান করে গড়ে তোলার মাধ্যমে একটি স্বাস্থ্যবান সমাজ গড়ে তোলার ভাবনায় স্বাস্থ্য বিভাগ এই কার্যসূচি গ্রহণ করেছে । শিশুদের শারীরিক, মানসিক ও বৌদ্ধিক বিকাশ সুনিশ্চিত করে সমাজের ভিত গড়ে তোলার লক্ষ্য গ্রহণ করা হয়েছে বলে গুয়াহাটির হেঙেরাবাড়ি উচ্চ ইংরেজী বিদ্যালয়ে স্বাস্থ্য ক্লাবের উদ্বোধন করে বিভাগীয় মন্ত্রী অশোক সিংহাল প্রকাশ করেছেন ।

-----------------------------------------------------------------------------------------

চন্দ্রনাথপুর রেলস্টেশনে আজ থেকে দুটি গুরুত্বপূর্ণ ট্রেনের স্টপেজ চালু করা হয়েছে । এই ট্রেন দুটি হচ্ছে শিলচর -রঙ্গীয়া ও রঙ্গীয়া - শিলচর এক্সপ্রেস এবং আগরতলা বেঙ্গালুরু হামসফর এক্সপ্রেস ।শিলচরের সাংসদ পরিমল শুক্লবৈদ্য আজ চন্দ্রনাথপুর রেলস্টেশনে পতাকা নেড়ে আগরতলা হামসফর এক্সপ্রেস ট্রেনের স্টপেজের সূচনা করেন ।এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে সাংশদ শ্রী শুক্লবৈদ্য বলেন যে চন্দ্রনাথপুর এলাকার জনসাধারণের দীর্ঘদিনের দাবী পূরণ হওয়ায় তিনি অত্যন্ত আনন্দিত । এই স্টপেজের ফলে চন্দ্রনাথপুর , কালাইন , ভাংগারপার সহ কাটিগড়া ও বৃহত্তর শিলচর এলাকার যোগাযোগ ব্যবস্থা উল্লেখযোগ্যভাবে উন্নত হবে এবং যাতায়াত আরও সহজ হবে ।তিনি এরজন্য রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন ।
এদিকে শ্রীভূমি জেলার পাথারকান্দি রেলস্টেশনেও আজ দূরপাল্লার দুটি গুরুত্বপূর্ণ ট্রেন শিয়ালদহ - সাব্রুম কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস এবং আগরতলা - বেঙ্গালুরু হামসফর এক্সপ্রেস ট্রেন দুটির স্টপেজ চালু করা হয় ।

-----------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা উন্নয়ন কমিটির এক সভা আজ জেলা আয়ুক্তের সভাকক্ষে অনুষ্ঠিত হয়েছে ।জেলা উন্নয়ন আয়ুক্ত নরসিং বে'র পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় আসন্ন বিধানসভা নির্বাচনের সময় নির্বাচনী আচরণবিধি কঠোরভাবে মেনে চলার নির্দেশ দেওয়া হয় ।সভায় জানানো হয় যে কোন সরকারী কর্মচারী এবং আধিকারীক সামাজিক মাধ্যমে কোন রাজনৈতিক কন্টেন্টে লাইক বা শেয়ার করতে পারবেন না । কোন আধিকারীক বা কর্মচারী রাজনৈতিক প্রচার অভিযানে কোনভাবেই জড়িত হতে পারবেন না বলেও সভায় জানানো হয় ।সভায় জানানো হয় যে আছিমগঞ্জ থেকে আয়নাখাল পর্যন্ত আসামমালার সড়কের কাজ ৭৮ শতাংশ সম্পন্ন হয়েছে ।সভায় কাটলিছড়া হাসপাতালের নবনির্মীত প্রসুতি কক্ষের ভূমিক্ষয় প্রতিরোধ করতে গ্রাম উন্নয়ন বিভাগকে পরামর্শ দেওয়া হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার এড়ালিগুলের পন্ডিত দীনদয়াল উপাধ্যায় আদর্শ মহাবিদ্যালয়ের যোগ সেল এবং ইন্টারনেল কোয়ালিটি এসিওরেন্স সেলের যৌথ উদ্যোগে আজ 'শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রছাত্রী ও কর্মীদের মানসিক স্বাস্থ্য ও সুস্থতা ' শীর্ষক এক ওয়েবিনার অনুষ্ঠিত হয়েছে । অনুষ্ঠানে রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন নতুনদিল্লীর উচ্চ ও পেশাগত শিক্ষা বিভাগের সহকারী অধ্যাপক ডঃ শিবকুমার কান্ডেকার । তিনি তাঁর ভাষণে ছাত্রছাত্রী ও কর্মীদের মানসিক সমস্যা মোকাবিলার উপায় ও মানসিক সুস্থতা বজায় রাখার পরামর্শ দেন ।

-----------------------------------------------------------------------------------